

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ হজ্জ অফিস  
জেদ্দা, সৌদি আরব

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.৩৪.০০১.২১-৩৯০

তারিখ: ১১ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব -এর হজ্জ উইং এর সাংগঠনিক কাঠামোভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর স্থানীয়ভিত্তিক শূন্যপদে অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সৌদি নাগরিক অথবা সৌদি আরবে বসবাসরত বৈধ ইকামা এবং বৈধ পাসপোর্টধারী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক<br>নং | পদের নাম ও বেতন স্কেল                                                              | পদ<br>সংখ্যা | শর্তাবলী                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
|--------------|------------------------------------------------------------------------------------|--------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১.           | প্রটোকল সহকারী<br>৪৪২৫-১৫০×১০-১৯০×৫-৬৮৭৫<br>(সৌদি রিয়াল)                          | ১            | ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা ডিগ্রি সম্পন্ন।<br>খ) আরবী ভাষায় দক্ষতার প্রমাণক হিসেবে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে আরবী ভাষায় শিক্ষা/প্রশিক্ষণ সংক্রান্ত সনদ থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>গ) সৌদি আরবে সমরূপ কাজের অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গৃহীত হবে।<br>ঘ) ইংরেজী ভাষায় যোগাযোগ দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে।                                                           |
| ২.           | কম্পিউটার অপারেটর কাম-<br>ইন্টারপ্রেটার<br>৪৪২৫-১৫০×১০-১৯০×৫-৬৮৭৫<br>(সৌদি রিয়াল) | ১            | ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণের ন্যূনতম ৬ মাস মেয়াদি কোর্সের সনদ থাকতে হবে/ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে।<br>গ) আরবী ভাষা শিক্ষার সনদ থাকতে হবে।<br>ঘ) আরবী, ইংরেজি এবং বাংলা দ্রুত ও নির্ভুল টাইপের দক্ষতা থাকতে হবে।<br>ঙ) ইন্টারপ্রেটার হিসেবে কোন প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।                                                         |
| ৩.           | কেয়ারটেকার কাম-নাইটগার্ড<br>২৮১৫-১৪০×১০-১৭৫×৫-৫০৯০<br>(সৌদি রিয়াল)               | ১            | ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) আরবি ভাষায় যোগাযোগ দক্ষতাসহ বাংলা, ইংরেজি ও আরবি টাইপে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ইন্টারনেট ব্রাউজিং, মেইল আদান-প্রদান ও মোবাইল এ্যাপস ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>গ) পরিশ্রমী, উদ্যোগী ও আন্তরিকভাবে হাজিদের সেবা প্রদানে তৎপর হতে হবে।<br>ঘ) কেয়ারটেকার হিসেবে কোন প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪.           | ড্রাইভার/গাড়িচালক<br>৩২৫০-১৪০×১০-১৭৫×৫-৫৫২৫<br>(সৌদি রিয়াল)                      | ২            | ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) সৌদি আরবের বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে।<br>গ) সৌদি আরবে গাড়ী চালনায় অভিজ্ঞতা এবং আরবী ভাষায় যোগাযোগ দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) মাঝারী ও ভারী যান লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।                                                                                                                                                           |

২২/১০/২৬

## সাধারণ শর্তাবলীঃ

১. আগামী ১২/১১/২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন (সকাল ৮:০০ ঘটিকা হতে বিকেল ৪:০০ ঘটিকা) সময়ের মধ্যে নিজ হাতে লিখিত আবেদন জীবন বৃত্তান্তসহ সরাসরি বা ই-মেইলে ([missionhajj@gmail.com](mailto:missionhajj@gmail.com)) প্রেরণ করা যাবে। অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।
২. ইতঃপূর্বে বাংলাদেশ হজ অফিস, জেদ্দা কর্তৃক ১৪ আগস্ট ২০২৫ তারিখে ১৬.০৪.০০০০.০০০.৩৪.০০১.২১-৪৪৩ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় আবেদনকারীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
৩. প্রার্থীর বয়স আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ, অর্থাৎ ১২ নভেম্বর ২০২৬ তারিখে, অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে (বয়স নির্ধারণ এসএসসি বা সমমানের শিক্ষাগত সনদে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী গণ্য হবে)।
৪. সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনের সাথে যুক্ত করতে হবে।
৫. বৈধ ইকামার ফটোকপি, মেয়াদ সম্পন্ন পাসপোর্টের ফটোকপি, শিক্ষা সনদের ফটোকপি, অভিজ্ঞতা সনদের ফটোকপি, ডাইভিং লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং যোগাযোগের নম্বর ও ই-মেইল ঠিকানা অবশ্যই আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।
৬. চাকুরিরতদের ক্ষেত্রে নিয়োগকর্তা/কফিলের নিকট হতে অনাপত্তি বা অনুমতি পত্রের মূল কপি জমা দিতে হবে।
৭. মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সংযুক্ত সকল কাগজের মূল কপি উপস্থাপন করতে হবে।
৮. প্রাথমিক বাছাইয়ে অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল করা হবে।
৯. বাছাইকৃত প্রার্থীদের লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১১. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং প্রার্থীর আবেদনপত্র বাতিল হবে।
১৩. নিয়োগ কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪. “স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান” বলতে মূলত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কর্তৃক অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে বোঝাবে। বিদেশি বিশ্ববিদ্যালয় বা অনলাইন মাধ্যম থেকে স্নাতক সম্পন্নকারী ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ UGC Foreign Degree Equivalence ছাড়া গ্রহণযোগ্য হবে না। ইতঃপূর্বে আবেদন দাখিলকারীদের ক্ষেত্রেও এ শর্ত প্রযোজ্য হবে।
১৫. বাছাইকৃত প্রার্থীর বাংলাদেশ সরকারের উপযুক্ত কর্তৃপক্ষের সন্তোষজনক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ প্রদান করা হবে।

  
১১.১০.২০২৬

(মোঃ কামরুল ইসলাম)

কাউন্সেলর (হজ)

ফোন: ০০৯৬৬ ১২ ৫৩২৮১৮০


ইমেইল: [missionhajj@gmail.com](mailto:missionhajj@gmail.com)

স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.৩৪.০০১.২১-৩৯০

তারিখঃ ১১ অক্টোবর ২০২৬ খ্রি.

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব;
৩. অতিরিক্ত সচিব (হজ), হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব;
৬. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ / বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব। (নোটিশ বোর্ড, দাপ্তরিক ওয়েবসাইট ও সামাজিক সাইটে সংযোজন করে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. অফিস কপি।

  
১১/১০/২০২৬

(মোঃ মাজহারুল ইসলাম)

কনসাল (হজ)